



বাংলাদেশ লোক ও কারশিল্প ফাউন্ডেশন
সোনারগাঁও, নারায়ণগঞ্জ
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
www.sonargaonmuseum.gov.bd

স্মারক নং: ৪৩.২৮.০০০০.১১১.১১.৪২৬.১৯.৫৭৬

তারিখ: ২৭.০১.২০১৯ খ্রি:


নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ লোক ও কারশিল্প ফাউন্ডেশনের নিম্নোক্ত শূন্য পদে নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম/বেতনক্রম	পদের সংখ্যা	বয়সসীমা	নিয়োগের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না।
১.	অফিস সহায়ক/এম এল এস এস ৮২৫০-২০০১০/-	১ (এক) টি	১৮-৩০ বৎসর	৮ম শ্রেণি পাস।	নারায়ণগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, মানিকগঞ্জ, রংপুর, নীলফামারী, ঝিনাইদহ, পিরোজপুর, গাজীপুর, রাজশাহী, নরসিংদী, কুমিল্লা, নাটোর, ঠাকুরগাঁও ও ময়মনসিংহ ● মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

শর্তাবলী:

১. সরকারি দপ্তরের শূন্য পদে নিয়োগের জন্য চাকুরির আবেদনের নির্ধারিত ফরমে জনপ্রশাসন মন্ত্রণালয় ওয়েবসাইট www.mopa.gov.bd অথবা বাংলাদেশ লোক ও কারশিল্প ফাউন্ডেশনের ওয়েবসাইট www.sonargaonmuseum.gov.bd থেকে আবেদন ফরম ডাউনলোড করে আবেদন করতে হবে।
২. ২৪.০২.২০১৯ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৪নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর।
৩. সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে আবেদনপত্র নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত হলে তা বাতিল বলে গণ্য হবে। আবেদন পত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।
৪. সরকার নির্ধারিত বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধা, মহিলা, ক্ষুদ্র-নৃগোষ্ঠী, আনসার ও ভিডিপি, প্রতিবন্ধী) চাকুরি প্রার্থীকে ঐ কোটায় চাকুরির যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক সনদপত্র অথবা সংশ্লিষ্ট কাগজ পত্র আবেদন পত্রের সংগে জমা প্রদান করতে হবে।
৫. প্রার্থীকে আবেদন পত্রের সঙ্গে যে কোন তফসিলি ব্যাংক থেকে পরিচালক, বাংলাদেশ লোক ও কারশিল্প ফাউন্ডেশনের অনুকূলে ৫০.০০ (পঞ্চাশ) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
৬. প্রার্থীকে আবেদনপত্রের খামের উপর বর্ণিত পদের নাম ও নিজ জেলার নাম আলাদাভাবে উল্লেখ করতে হবে। আবেদনকারী নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে ঠিকানায় প্রবেশপত্র/সাক্ষাৎকার পত্র পেতে চান সে ঠিকানা সম্বলিত ১২ (বার) টাকা মূল্যমানের ডাক টিকিটসহ একটি ফেরত খাম আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।
৭. প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল সনদ পত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।
৮. প্রার্থীদের লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন প্রকার ভ্রমণ ভাতা বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
৯. আগামী ২৪.০২.২০১৯ তারিখের মধ্যে আবেদনপত্র অবশ্যই ডাকযোগে পরিচালক, বাংলাদেশ লোক ও কারশিল্প ফাউন্ডেশন, ডাকঘর: আমিনপুর, উপজেলা: সোনারগাঁও, জেলা: নারায়ণগঞ্জ এই ঠিকানায় পৌঁছাতে হবে। কোন আবেদনপত্র সরাসরি বা হাতে হাতে গ্রহণ করা হবে না।
১০. উল্লিখিত শূন্য পদসংখ্যা বৃদ্ধি পেতে পারে।
১১. প্রকৃত তথ্য গোপন করে চাকুরি গ্রহণ করলে পরবর্তীতে তার নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
১২. নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


২৭.০১.১৯
পরিচালক

বাংলাদেশ লোক ও কারশিল্প ফাউন্ডেশন